গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা-১২১৫
www.dae.gov.bd

স্মারক নম্বর: ১২.০১.০০০০.৯২৪.০৩৯.১৮.০০০১.২৫.২৩৮০ তারিখঃ ১৪ জুলাই ২০২৬

**বিষয়: সরকারের নির্বাচনী ইশতেহারে বর্ণিত 'কৃষক কার্ড' বাস্তবায়নে দেশের সকল উপজেলায় কৃষকের তথ্য সংগ্রহ কার্যক্রম বাস্তবায়ন।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সরকারের নির্বাচনী ইশতেহারে বর্ণিত 'কৃষক কার্ড' বাস্তবায়নে অদ্য ১৪ জুলাই ২০২৬ তারিখে কৃষি মন্ত্রণালয়ে মাননীয় কৃষিমন্ত্রী মহোদয়ের সভাপতিতে অনুষ্ঠিত 'কৃষক কার্ড কারিগরি ওয়ার্কিং কমিটি'র ২য় সভার সিদ্ধান্ত মোতাবেক দেশের সকল উপজেলায় একসাথে কৃষক কার্ড বাস্তবায়নের জন্য তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনা করতে হবে। প্রাথমিক পর্যায়ে, এ কার্যক্রমের আওতায় প্রতিটি উপজেলা হতে ১টি করে ব্লক নির্বাচন করে তথ্য সংগ্রহ শুরু করতে হবে এবং ব্লকভিত্তিক তথ্য সংগ্রহ কার্যক্রমটি পর্যায়ক্রমে উপজেলাসমূহের অন্যান্য সকল ব্লকে পরিচালিত হবে। সে লক্ষ্যে ১৪-১৫ জুলাই ২০২৬ তারিখের মধ্যে তথ্য সংগ্রহের জন্য মনোনীত সকল কর্মকর্তাগণকে 'তথ্য সংগ্রহ অ্যাপস' এর উপর প্রশিক্ষণ প্রদান করে আগামী ১৬ জুলাই ২০২৬ তারিখ হতে দেশের প্রতিটি উপজেলার নির্বাচিত ব্লকের কৃষক ও ডিলারের তথ্য সংগ্রহ কার্যক্রম শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

১৪-০৭-২৬


মোঃ আব্দুর রহিম
মহাপরিচালক
ফোন: +৮৮০২৫৫০২৮৩৭০
ইমেইল: dg@dae.gov.bd


**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। পরিচালক, ------------------------------------------------ (সকল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
০২। অতিরিক্ত পরিচালক, অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, -------------------অঞ্চল (সকল)।
০৩। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ---------------------- (সকল)।
০৪। উপজেলা কৃষি অফিসার, উপজেলা কৃষি অফিসারের কার্যালয় ----------------------------(সকল)।

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। অতিরিক্ত সচিব (গ্রেড-১/ সম্প্রসারণ উইং/পিপিসি উইং), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিবের মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ............................................................ (সকল)।
০৫। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়.................................... (সকল)।
০৬। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পার্টনার প্রকল্প, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
০৭। অফিস কপি।

CamScanner